গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির**
**জুলাই ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ৩১/০৭/২০২২
সময় : বেলা ০৪:৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২১/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | সভায় জানানো হয় যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৪র্থ ত্রৈমাসিক ও চূড়ান্ত অর্জন প্রতিবেদনের যাবতীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করে ০৭/০৭/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার চূড়ান্ত মূল্যায়ন সংক্রান্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ২ | সভায় অবহিত করা হয় যে, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার লক্ষ্যমাত্রা অনুযায়ী আইএপি'র কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং মন্ত্রণালয় পর্যায়ে ৯৩.৯৪% আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাদের আইএপি প্রণয়ন করতে হবে এবং প্রয়োজনের ভিত্তিতে (Need Based) সমস্যা সনাক্ত করে আইএপি প্রণয়ন করতে হবে। আইএপি'র সাথে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan) প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৩ | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ৩০/০৫/২২ তারিখে প্রদান করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪ | বিগত অর্থবছরের ২টি অংশীজনের সভা বাস্তবায়িত হয়েছে।<br><br>চলমান ২০২২-২৩ অর্থবছরে ২টি অংশীজনের সভা যথাক্রমে ২য় ও ৩য় ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | চলমান ২০২২-২৩ অর্থবছরে ২টি অংশীজনের সভা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৫ | বিগত অর্থবছরে গৃহীত প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা বাস্তবায়িত হয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে শুদ্ধাচার বিষয়ে ৩টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে শুদ্ধাচার সংক্রান্ত ৩টি প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপসচিব (প্রশিক্ষণ), শিল্প মন্ত্রণালয় |
| ৬ | বিগত ২৫/০৬/২০২২ তারিখে মন্ত্রণালয়ের ভিতর ও বাহিরে ফগার মেশিনের মাধ্যমে জীবাণু ধ্বংসকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করার কার্যক্রমটি সম্পন্ন করা হয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম (ক. অফিসের ভিতর ও বাহিরে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, খ. অকেজো মালামাল বিনষ্টকরণ) ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও উপসচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয় |
| ৭ | সভায় জানানো হয় যে, ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ৪টি ফিডব্যাক সভার আয়োজন করা হয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে ৩টি ফিডব্যাক সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের ৩টি ফিডব্যাক সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৮ | ২০২১-২২ অর্থবছরে মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের পিএসসি সভা ৫৭ টি এবং পিআইসি সভা ৬টি বাস্তবায়িত হয়েছে। প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে ৫৮টি পিএসসি সভা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | ৫৮টি পিএসসি সভা ত্রৈমাসিক অনুযায়ী ভাগ করে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |
| ৯ | ২০২১-২২ অর্থবছরে প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহন, প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক ৩০/১২/২০২১ তারিখে ২টি প্রকল্প এবং ৩০/০৬/২০২২ তারিখে ৩টি প্রকল্পের সম্পদ হস্তান্তর করা হয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে ৩০/০৯/২০২২ ও ৩১/০৩/২০২৩ তারিখে প্রকল্প সমাপ্তি শেষে সম্পদ হস্তান্তর করার লক্ষ্যমাত্রা রয়েছে। এ কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য যুগ্মসচিব, পরিকল্পনার নেতৃত্বে একটি কমিটি গঠন করা যেতে পারে। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সকল সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে এবং কার্যক্রমটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য যুগ্মসচিব, পরিকল্পনার নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |
| ১০ | বিগত ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক ৫টি কার্যক্রমের সম্পন্ন | ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক | অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রওম ও |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | করা হয়েছে এবং তার প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে মন্ত্রণালয়ের ৪টি কার্যক্রম (ক. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার, খ. অডিট ম্যানেজমেন্ট সফটওয়্যারে ডাটাবেজ হালনাগাদকরণ, গ. ডিজিটাল সরেজমিনে পরিবীক্ষণের মাধ্যমে মিল জোন এলাকায় চিনিকলের আখ মাড়াইয়ে স্বচ্ছতা আনয়ন, ঘ. মোহাম্মদপুর ও আদাবর থানায় প্যাকেজ ড্রিংকিং ওয়াটার পরিবীক্ষণ ও মনিটরিং এর মাধ্যমে গুণগত মান উন্নয়ন) সম্পাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। উপরোক্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য যে সমস্ত দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট রয়েছে তাদের কে পত্রের মাধ্যেমে অবহিত করা যেতে পারে। | ৪টি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং এ বিষয়ে যেসকল প্রতিষ্ঠান/শাখা/অধিশাখার সংশ্লিষ্টতা রয়েছে তাদের পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। | এপিএ), শিল্প মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ১১ | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য পাওয়া গিয়েছে তা সংশ্লিষ্ট সকলের মাঝে প্রচারের ব্যবস্থা করা যেতে পারে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যেসকল সাফল্য পাওয়া গিয়েছে তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৈতিকতা কমিটি, শিল্প মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৮/২০২২

সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়